



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bd  
email: dinajpureducationboard@gmail.com



স্মারক নং-.....

তারিখঃ.....

## বিষয়ঃ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০২৬.১৭(অংশ).৩৩৯

তারিখঃ ১২/১২/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলাধীন “চেতনারহাট উচ্চ বিদ্যালয়”-এ ০১/০১/২০২২ খ্রি. তারিখ হতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করার শর্তে পরবর্তী ০৩ (তিন) বছর সময়ের জন্য মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হ'ল। এই মেয়াদকালে কর্তৃপক্ষের পর্যবেক্ষণে থেকে শিক্ষার প্রত্যাশিত মান অর্জনের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান কে নিম্নে প্রদত্ত শর্ত সমূহ পূরণ করতে হবে।

### শর্ত সমূহঃ

- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন ২০০৫ অনুসরণ করতে হবে।
- শিক্ষক-শিক্ষিকাদের পর্যায়ক্রমে বি.এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ভবিষ্যতে মহিলা কোটা পূরণ করতে হবে।
- শিক্ষার মান উন্নয়ন কল্পে শিক্ষকদেরকে কঠোর পরিশ্রম করতে হবে।
- বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি সহ প্রতি বছর বার্ষিক পরীক্ষার ফলাফল উন্নয়ন করতে হবে।
- সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রনয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ে চারিপার্শ্বে বৃক্ষ রোপণ করে উহার পরিচর্যা করতে হবে।
- জাতীয় দিবস সমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- পূর্বের কমিটির মেয়াদ শেষ হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে এডহক কমিটির প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
- বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে বোর্ডে দাখিল করতে হবে।
- মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার পূর্বে স্বীকৃতি নবায়নের জন্য অত্র শিক্ষা বোর্ডে আবেদন করতে হবে।

প্রাপক

প্রধান শিক্ষক

চেতনারহাট উচ্চ বিদ্যালয়

ডাকঘরঃ ভেলাগুড়ি, উপজেলাঃ হাতীবান্ধা,

জেলাঃ লালমনিরহাট।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

*(Signature)*

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

তারিখঃ ২৭/১২/২০২২

স্মারক নং-.....

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।

- মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- জেলা প্রশাসক, লালমনিরহাট।
- উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
- সিস্টেম এনালিস্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার, রাজশাহী শিক্ষা বোর্ড, রাজশাহী।
- জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
- আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

*(Signature)* 29/12/2022

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

*(Signature)* 27.12.2022